

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৬১

১/ বিবিধ

আরবী

كان رجل في بني إسرائيل تاجرا، وكان ينقص مرة، ويزيد أخرى، قال: ما في هذه التجارة خير، ألتمس تجارة هي خير من هذه، فبنى صومعة وترهب فيها، وكان يقال له: جريج، فذكر نحوه
ضعيف

أخرجه أحمد (2/434) من طريق عمر بن أبي سلمة عن أبيه عن أبي هريرة أن رسول الله صلى الله عليه وسلم قال: فذكره
قلت: وهذا إسناد ضعيف، علته عمر هذا، أورده الذهبي في "الضعفاء" وقال: "ضعفه ابن معين. وقال النسائي: ليس بالقوي
وقال الحافظ في "التقريب": "صدوق يخطئ"
قلت: فقول الهيثمي في "مجمع الزوائد" (10/286): "رواه أحمد وإسناده جيد";
غير جيد، ولا سيما أن قصة جريج في "الصحيحين" وغيرهما من طرق أخرى عن أبي هريرة مرفوعا، وليس فيها هذا الذي رواه عمر هذا، فقد تفرد هو به، فيكون منكرا من منكراته عن أبيه، فقد قال الذهبي في ترجمته: "ولعمر عن أبي مناكير، وقد علق له البخاري قصة جريج والراعي فقال: وقال عمر بن أبي سلمة عن أبيه تنبيه: قوله في آخر حديث الترجمة: "فذكره نحوه" يعني حديث قصة جريج المذكور قبل هذا في "المسند". وهي المرونة في "الصحيحين" كما سبق أنفا

১২৬১। বনী ইসরাঈলের এক ব্যবসায়ী ব্যক্তি ছিল সে একবার লোকসান দিত আর আরেকবার লাভ করত। এ সময় সে বলল এ ব্যবসায়ে কল্যাণকর কিছু নেই, অতএব এর চেয়ে উত্তম কোন ব্যবসার অনুসন্ধান করি। অতঃপর সে একটি গীর্জা বানিয়ে সেখানে ইবাদত করা শুরু করল। তাকে জুরায়েজ নামে ডাকা হতো ... অতঃপর অনুরূপ হাদীস উল্লেখ করেন।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইমাম আহমাদ (২/৪৩৪) উমর ইবনু আবী সালামাহ সূত্রে তার পিতা হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। এর সমস্যা হচ্ছে বর্ণনাকারী এ উমার। হাফিয় যাহাবী "আয-যুয়াফা" গ্রন্থে তাকে উল্লেখ করে বলেছেনঃ ইবনু মাঈন তাকে দুর্বল আখ্যা দিয়েছেন। নাসাঈ তার সম্পর্কে বলেনঃ তিনি শক্তিশালী নন।

হাফিয় ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি সত্যবাদী তবে ভুল করতেন।

আমি (আলবানী) বলছিঃ হায়সামী "মাজমুউয যাওয়াইদ" গ্রন্থে (১০/২৮৬) যে বলেছেনঃ 'হাদীসটি ইমাম আহমাদ বর্ণনা করেছেন এবং তার সনদটি ভাল' আসলে তার একথাটি ভাল নয়।

জুরায়েজ সম্পর্কে বুখারী ও মুসলিম প্রমুখ গ্রন্থে অন্য সূত্রে আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসেবে হাদীস বর্ণিত হয়েছে। সেগুলোর মধ্যে উমার ইবনু আবী সালামাহ হতে বর্ণনাকৃত ভাষা নেই। উল্লেখিত এ ভাষায় তিনি এককভাবে বর্ণনা করেছেন। অতএব এ ভাষা তার পিতা হতে বর্ণনাকৃত মুনকার বর্ণনাগুলোর অন্তর্ভুক্ত। হাফিয় যাহাবী বলেনঃ উমার তার পিতার উদ্ধৃতিতে বহু মুনকার হাদীস বর্ণনা করেছেন।

উল্লেখ্যঃ হাদীসের শেষে যে বলা হয়েছে 'অনুরূপ হাদীস উল্লেখ করেন' এর দ্বারা "মুসনাদু আহমাদ" গ্রন্থের মধ্যে এ হাদীসটির পূর্বের হাদীসে জুরায়েজের যে ঘটনা উল্লেখ করা হয়েছে সে ঘটনাকে বুঝানো হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72140>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন